

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের জন্য মুস্তাহাব হলো সালাত শুরু করার আগে মুসল্লীদের গর্দান স্পর্শ করে করে কাতার সোজা করা ذكر الاستحباب للإمام بمسح مناكب المأمومين قَبْلَ إِقَامَةِ الصَّلَاةِ

## আরবী

2169 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنِ الْأَعْمَشِ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ اللَّيْثِيِّ عَنْ أَبِي مَعْمَرٍ عَنْ أَبِي مَسْعُودٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْسَحُ مَنَاكِبَنَا فِي الصَّلَاةِ وَيَقُولُ: السَّتَوُوا وَلَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ لِيَلِيَنَّي مِنْكُمْ أُولُو الْأَحْلَامِ وَالنَّهَى ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ أُولُو الْأَحْلَامِ وَالنَّهَى ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ أَلُولُوا الْأَحْلَامِ وَالنَّهُمَ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ أَلُولُوا وَلَا اللَّهُ اللَّهُ اللَّهُ الْمَوْدِ وَأَنْتُمُ الْيَوْمَ أَشَدُّ اخْتِلَافًا. الله مَسْعُودٍ الْأَنْصَارِيّ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : الراوي : أَبُو مَسْعُودٍ الْأَنْصَارِيّ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1219 خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1219 خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (678)

## বাংলা

২১৬৯. আবূ মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (সালাত কাতারবদ্ধ অবস্থায়) আমাদের কাছে আসতেন, আমাদের বক্ষ ও কাঁধ বুলিয়ে (কাতার সোজা করে) দিতেন এবং বলতেন, "তোমরা তোমাদের কাতারগুলো সমান করো, অন্যথায় তোমাদের অন্তরগুলো মতভেদপ্রবণ হয়ে যাবে। তোমাদের মধ্যে জ্ঞানী লোকেরা আমার কাছাকাছি দাঁড়াবে, তারপর যারা তাদের চেয়ে কম জ্ঞানী।"[1]

আবৃ মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "এখন তোমরা প্রচন্ড মতভেদে লিপ্ত রয়েছো।"

## ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৪/১২২; আবূ আওয়ানা: ২/৪১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৪২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৫১; সহীহ মুসলিম: ৪৩২; তাবারানী: ১৭/৫৯৬; আত তায়ালিসী: ৬১২; নাসাঈ: ২/৮৭-৮৮; ইবনুল জারূদ, আল মুনতাকা: ৩১৫; সুনান বাইহাকী: ৩/৯৭; হাকিম: ১/২১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন